

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আদেশ

তারিখঃ ২৬ ডিসেম্বর ২০২১

নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৩১- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ এর অধীন তফসিল এ বর্ণিত মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং ১৪ এর বিধান বলে, মার্চেন্ট ব্যাংকারদের প্রতি পূর্বে জারিকৃত আদেশ নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৭৮ তারিখঃ অক্টোবর ২৭, ২০১৫ এতদ্বারা বাতিল করিল, এবং মার্চেন্ট ব্যাংকার কর্তৃক মার্জিন ঋণ প্রদানের ক্ষেত্রে, কমিশন নিম্নরূপ আদেশ প্রদান করিলঃ

- ১। স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত Z-ক্যাটাগরির কোন সিকিউরিটি ক্রেয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা যাইবে না;
- ২। স্টক এক্সচেঞ্জে নতুন তালিকাভুক্ত কোন সিকিউরিটি ক্রেয়ের জন্য উহা তালিকাভুক্তির পর ট্রেডিং শুরুর তারিখ হইতে প্রথম ৩০ (ত্রিশ) ট্রেডিং দিবস পর্যন্ত কোন মার্জিন ঋণ প্রদান করা যাইবে না;
- ৩। Z-ক্যাটাগরি সিকিউরিটি ব্যতিত বিদ্যমান কোন তালিকাভুক্ত সিকিউরিটির ক্যাটাগরি পরিবর্তনের ক্ষেত্রে মার্জিন ঋণ প্রদানে কোন বাধা থাকিবে নাঃ

তবে শর্ত থাকে যে, তালিকাভুক্ত কোন সিকিউরিটি Z-ক্যাটাগরি হইতে উচ্চতর কোন ক্যাটাগরিতে পরিবর্তনের ক্ষেত্রে ক্যাটাগরি পরিবর্তনের তারিখ হইতে প্রথম ০৭ (সাত) ট্রেডিং দিবস পর্যন্ত উক্ত সিকিউরিটি ক্রেয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা যাইবে না।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

অধ্যাপক শিবলী বুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।